=০৭=

ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনা
২। অন্যান্য আইটেমের পূর্বানুমোদিত দরের কপি।
৩। আলোচ্য মালামালের খসড়া ড্রয়িং।
৪। দরের স্বাপেক্ষে কোটেশন সংগ্রহের লক্ষ্যে প্রেরিত পত্রের কপি।
৫। দরের স্বাপেক্ষে সংগৃহীত কোটেশন।
৬। মালামালের টেনিক্যাল স্পেসিফিকেশন।
৭। বিভাগীয় প্রাক্কলন

বিষয়: Supply of canopy for guest house and administrative building of PWTP and related works শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং- ০১ হতে ০৭ দয়া করে যেতে পারে। বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ পানি শোধনাগার। এই প্লান্টের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম দেখতে ও প্রশিক্ষণ গ্রহণের উদ্দেশ্যে দেশী-বিদেশী বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ প্রায়ই পরিদর্শনে আসেন। Water Treatment Plant (WTP) এর গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ প্রতিনিয়ত ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং বিদেশী দাতা/বিনিয়োগ সংস্থার প্রতিনিধিগণ পরিদর্শনে আসেন। WTP কম্পাউন্ডের অফিস বিল্ডিং ও গেস্ট হাউজ তথা ভিআইপিগনের ডাইনিং হলে প্রবেশমুখে কোন ছাদ/ছাউনি না থাকায় বর্ষামৌসুমে স্যাঁতস্যাঁতে হয়ে থাকে ও অতিথিগণকে প্রায়ই বৃষ্টিতে ভিজে যান। এহেন বিব্রতকর পরিস্থিতি এড়ানো ও গেষ্ট হাউজ এবং অফিস বিল্ডিয়ের পার্শ্ব প্রবেশদ্বারের সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে সুদৃশ্য ক্যানোপি নির্মাণের উদ্দ্যোগ নেয়া হয়েছে (ত্রিমাত্রিক নকশা সংযুক্ত)। উক্ত ক্যানোপি দৃষ্টিনন্দন করার জন্য লাইটিংসহ অন্যান্য কাজ সম্পাদনের পরিকল্পনা নেয়া হয়েছে। এতে প্লান্টের aesthetic view উন্নত হবে ফলে প্লান্ট পরিদর্শনে আগত দেশী-বিদেশী অতিথিদের কাছে ঢাকা ওয়াসার ভাবমূর্তি উজ্জ্বল হবে। সেই বিবেচনায় " Supply of canopy for guest house and administrative building of PWTP and related works.." শীর্ষক কাজটি চলতি অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনাভুক্ত করা হয়েছে।

২। পদ্মা পানি শোধনাগার-এর Guest House entrance and Admistrative Building side entrance এ ক্যানোপি নির্মাণসহ সৌন্দর্যবর্ধনের নিমিত্তে বিভাগীয়ভাবে নির্মাণ নক্সাসহ ত্রিমাত্রিক ডিজাইন প্রস্তুত করা হয়েছে। নক্সা অনুযায়ী প্রকৃত পরিমাপের আলোকে কোটেশনে প্রাপ্ত বাজার দর অনুসরণে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৩, ৪, ৫, ৬, ও ৭ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২৪,৯৯,৮৪০.০০ (টাকা চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত চল্লিশ মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের Water & Sewer Plant (O&M) খাত হতে (অনুমোদিত রিভাইজ ক্রয়-পরিকল্পনার আইটেম নং-277, প্যাকেজ নং APP/25-26/G/190) নির্বাহ করে পিপিআর-২০২৫ এর বিধি ৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)।

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে পদ্মা পানি শোধনাগার-এর সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে " Supply of canopy for guest house and administrative building of PWTP and related works" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) কাজটি পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় প্রশাসনিক অনুমোদন।

খ) কাজটির জন্য প্রাক্কলিত ৳.২৪,৯৯,৮৪০.০০ (টাকা চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার আটশত চল্লিশ মাত্র) টাকা ব্যয়ের আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত কাজের জন্য প্রয়োজনীয় ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার (ক্রমিক নং-277, প্যাকেজ নং APP/25-26/G/190) রাজস্ব বাজেট বরাদ্দের Water & Sewer Plant (O&M) খাত হতে নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

18.05.26
Amit Bishwas
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

18.05.2026
Mohammad Sohel Rana
Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

EE
18.05.2026
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

SE, WS TPC

CE

18/05/2026
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

প্রস্তাব অনুমোদিত,

19/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

Xen, PWTP